

**নিউ ইয়র্ক স্টেট সীল অফ বাইলিটারেসি (NYSSB) অর্জনের ক্ষেত্রে বিচার্য বিষয়সমূহ**

- A. যেসব শিক্ষার্থী NYSSB পেতে চায়, তাদের অবশ্যই একটি NYS রিজেন্টস ডিপ্লোমার সাথে গ্র্যাজুয়েট হওয়ার সমস্ত শর্ত পূরণ করতে হবে\*;
- B. উপরিউক্ত ন্যূনতম শর্ত ছাড়াও, NYSSB পেতে ইচ্ছুক শিক্ষার্থীদের অবশ্যই ইংরাজি সংক্রান্ত বিচার্য বিষয় থেকে তিন (3) পয়েন্ট অর্জন করতে হবে এবং বিশ্ব ভাষার বিচার্য বিষয়গুলি থেকে তিন (3) পয়েন্ট অর্জন করতে হবে।

ইংরাজি ভাষায় দক্ষতা প্রদর্শনের বিচার্য বিষয়সমূহ	পয়েন্ট মূল্য	একটি বিশ্ব ভাষায় দক্ষতা প্রদর্শনের বিচার্য বিষয়সমূহ	পয়েন্ট মূল্য
<p><b>1A.</b> NYS রিজেন্ট এক্সামিনেশনের ইংলিশ ল্যাঙ্গুয়েজ আর্টসে** 80 বা তার বেশি নম্বর পেতে হবে</p> <p>অথবা</p> <p>ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নারদের (ELL) ইংরাজি** ছাড়া অন্য দুটি রিজেন্ট পরীক্ষায় অনুবাদের সাহায্য না নিয়ে 75 বা তার বেশি নম্বর পেতে হবে।</p>	1	<p><b>2A.</b> একটি চেকপয়েন্ট C লেভেলের বিশ্ব ভাষার কোর্স সম্পূর্ণ করতে হবে 85 বা তার বেশি নম্বরের সাথে অথবা জেলা কর্তৃপক্ষের স্থির করা ও কমিশনারের অনুমোদন পাওয়া, চেকপয়েন্ট C স্ট্যান্ডার্ডের সাথে সামঞ্জস্যপূর্ণ অন্য কোন নম্বর দেওয়ার পদ্ধতি ব্যবহার করে সমতুল্য নম্বর পেতে হবে।</p>	1
<p><b>1B.</b> 9ম-12শ শ্রেণীতে ELL-দের নিউ ইয়র্ক স্টেট ইংলিশ অ্যাজ এ সেকেন্ড ল্যাঙ্গুয়েজ অ্যাচিভমেন্ট টেস্ট (NYSESLAT)-এ সামগ্রিকভাবে 290 বা তার বেশি নম্বর পেতে হবে।</p>	1	<p><b>2B.</b> U.S. এর বাইরের একটি দেশের স্কুল থেকে ট্রান্সক্রিপ্ট দিতে হবে যেখানে 8ম শ্রেণীতে বা তার পরে শিক্ষার্থীর বাড়ির/স্থানীয় ভাষায় অন্ততপক্ষে তিন বছরের শিক্ষাদান নির্দেশিত থাকবে, যেখানে B বা তার উপরের গ্রেডের সমতুল্য গড় নম্বর পেতে হবে।</p>	1
<p><b>1C.</b> 11শ ও 12শ শ্রেণীর সমস্ত ELA কোর্স সম্পূর্ণ করতে হবে 85 বা তার বেশি গড় নম্বরের সাথে অথবা জেলা কর্তৃপক্ষের স্থির করা ও কমিশনারের অনুমোদন পাওয়া অন্য কোন নম্বর দেওয়ার পদ্ধতি ব্যবহার করে সমতুল্য নম্বর পেতে হবে।</p>	1	<p><b>2C.</b> বাইলিঙ্গুয়াল এডুকেশনাল প্রোগ্রামে নথিভুক্ত হওয়া শিক্ষার্থীদের ক্ষেত্রে সমস্ত প্রয়োজনীয় হোম ল্যাঙ্গুয়েজ আর্টস (HLA) সম্পূর্ণ করতে হবে 85 বা তার বেশি নম্বরের সাথে অথবা জেলা কর্তৃপক্ষের স্থির করা ও কমিশনারের অনুমোদন পাওয়া অন্য কোন নম্বর দেওয়ার পদ্ধতি ব্যবহার করে সমতুল্য নম্বর পেতে হবে।</p>	1
<p><b>1D.</b> একটি অনুমোদিত ইংরাজি মূল্যায়ন পদ্ধতিতে প্রফিশিয়েন্ট লেভেলে নম্বর পেতে হবে (49 পৃষ্ঠায় “অনুমোদিত ইংরাজি মূল্যায়ন পদ্ধতি” দেখুন)</p>	1	<p><b>2D.</b> একটি স্বীকৃত চেকপয়েন্ট C বিশ্ব ভাষা মূল্যায়ন পদ্ধতিতে প্রফিশিয়েন্ট লেভেলে নম্বর পেতে হবে (50-52 পৃষ্ঠায় “চেকপয়েন্ট C বিশ্ব ভাষা মূল্যায়ন পদ্ধতি ও ন্যূনতম নম্বর” দেখুন।)</p>	1
<p><b>1E.</b> ইংরাজি ভাষায় দক্ষ পর্যালোচনাকারীদের একটি প্যানেলের কাছে একটি কালমিনেটিং প্রোজেক্ট উপস্থাপন করতে হবে যেটি জেলার NYS সীল অফ বাইলিটারেসি কমিটি দ্বারা স্থির করা বলা, শোনা, পড়া ও লেখার মানদণ্ডগুলি পূরণ করবে।</p>	2	<p><b>2E.</b> অভিপ্রেত ভাষায় দক্ষ পর্যালোচনাকারীদের একটি প্যানেলের কাছে একটি কালমিনেটিং প্রোজেক্ট উপস্থাপন করতে হবে যেটি জেলার NYS সীল অফ বাইলিটারেসি কমিটি দ্বারা স্থির করা বলা, শোনা, পড়া ও লেখার মানদণ্ডগুলি পূরণ করবে এবং যা NYS চেকপয়েন্ট C লার্নিং স্ট্যান্ডার্ড মেনে চলবে।</p>	2

রাজ্য নীতির সাথে সামঞ্জস্য রেখে, অক্ষমতা যুক্ত শিক্ষার্থীদের জন্য পরিচালিত সমস্ত রাজ্য ও জেলাভিত্তিক মূল্যায়ন প্রক্রিয়ায় ইন্ডিভিজুয়লাইজড এডুকেশন প্রোগ্রামে (IEP) সুপারিশ করা পরীক্ষা দেওয়ার ব্যবস্থা বা সেকশন 504 অ্যাকোমোডেশন প্ল্যান দিতে হবে। অনুমোদন অনুযায়ী, অক্ষমতা যুক্ত শিক্ষার্থীদের চেকপয়েন্ট C বিশ্ব ভাষা মূল্যায়ন প্রক্রিয়াতেও পরীক্ষা দেওয়ার বিশেষ ব্যবস্থা দিতে হবে।

\* কমিশনার অনুমোদিত গ্র্যাজুয়েশনের বিকল্প পদ্ধতি লাভ করা স্কুল শিক্ষার্থীদের, নিজ নিজ স্কুলের বিচার্য শর্তগুলি পূরণ করতে হবে।

\*\*এই পরীক্ষাগুলির নিয়মের ছাদ সম্পর্কে জানতে দেখুন প্রশ্ন 72-73, 91-92।